অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ৩৩(৪) ধারার বিধান মোতাবেক

**"নিলাম বিজ্ঞপ্তি"**

মোকাম নারায়নগঞ্জ বিজ্ঞ অর্থঋণ জজ আদালত

অর্থঋণ ডিক্রীজারী মোকদ্দমা নং ৩৩/২০১৭

সোনালী ব্যাংক পিএলসি, গোপালদী বাজার শাখা, পক্ষে- উহার ম্যানেজার, থানা- আড়াইহাজার, জেলা- নারায়ণগঞ্জ।

----------------ডিক্রীদার।

-বনাম-

১। মেসার্স নবী টেক্সটাইল, পক্ষে- মোঃ নবী হোসেন, ২। মোঃ নবী হোসেন, ৩। মোসাঃ সোহানা, উভয় পিতা- মৃত নুরুল ইসলাম, ৪। শিল্পী, পতি- সাদু, সর্ব সাং- রামচন্দ্রদী, পোঃ- গোপালদী বাজার, থানা- আড়াইহাজার, জেলা- নারায়ণগঞ্জ, ৫। মোসাঃ আমিরুন, পতি- মোঃ মফিজুল ইসলাম, সাং- ক্ষিরদাসাদী, পোঃ- শ্রিনিবাসদী, থানা- আড়াইহাজার, জেলা- নারায়ণগঞ্জ, ৬। মোসাঃ সালমা, পতি- রফিকুল ইসলাম, সাং- শম্ভুপুরা-দয়াকান্দা, পোঃ- চৈতনকান্দা, থানা- আড়াইহাজার, জেলা- নারায়ণগঞ্জ, ৭। মোসাঃ জেসমিন, পতি- মোঃ ফেরদৌস, সাং- প্রভাকরদী, পোঃ- মজমপুর, থানা- আড়াইহাজার, জেলা- নারায়ণগঞ্জ।

-----------দাইকগন।

এতদ্বারা সর্ব সাধারন-কে জানানো যাইতেছে যে, নিম্ন তপছিল বর্ণিত সম্পত্তি ডিক্রীদারের ৩০/০৬/২০১১ ইং তারিখ পর্যন্ত প্রাপ্য ২৪,১৪,৯৩৭/- টাকা ও বিগত ৩০/০৪/২০২৫ ইং তারিখ পর্যন্ত সুদ সহ ৪৬,৬৯,৫৩৮/- টাকা। তৎসহ নিলাম বিক্রয়ের দিন পর্যন্ত সুদ ও খরচাদি আদায়ের নিমিত্তে অর্থঋণ আদালত, নারায়ণগঞ্জ এর এজলাসে রক্ষিত নিলামের টেন্ডার বক্সের মাধ্যমে নিম্ন বর্ণিত শর্তে আগামী ২২/৯/২৫ ইং তারিখে বিক্রয়ের নিমিত্তে সীল মোহরকৃত টেন্ডার আহবান করা যাইতেছে।

## নিলামের শর্ত

১। আগামী ২২/৯/২৫ ইং তারিখে বেলা ১২:০০ ঘটিকার মধ্যে সরাসরি বা রেজিষ্ট্রি ডাকযোগে অত্রাদালতে রক্ষিত দরপত্র গ্রহণের বাক্সে নিলাম দরপত্র দাখিল করতে হবে।

২। নিলাম দরপত্র সাদা কাগজে স্পষ্টাক্ষরে নিলাম দরপত্র দাতার নাম, পিতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে) প্রদত্ত দর অংকে ও কথায় লিখে সিল মোহরকৃত খামে দাখিল করতে হবে। খামের উপর 'সম্পত্তি নিলামে ক্রয়ের দরপত্র' লিখে দাখিল করতে হবে।

৩। নিলাম দরপত্রের সাথে নিলাম দরপত্র দাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৪। প্রত্যেক দরদাতাকে উদ্বৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হলে উহার ২০% উদ্বৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হলে উহার ১৫% এবং উদ্বৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) অপেক্ষা অধিক হলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ জজ অর্থঋণ আদালত, নারায়ণগঞ্জ এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক এর ব্যাংক ড্রাফট বা পেমেন্ট অর্ডার বা পে-অর্ডার দরপত্রের সাথে দাখিল করতে হবে।

৫। দরদাতা অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্বৃত দর গৃহীত হবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্বৃত দর গৃহীত হবার ৬০ (ষাট) দিনের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক উদ্বৃত দর গৃহীত হবার পরবর্তী ৯০ (নব্বই) দিনের মধ্যে সমুদয় মূল্য পরিশোধ করবেন এবং তা করতে ব্যর্থ হলে জামানতের টাকা বাজেয়াপ্ত হবে।

৬। দরদাতাগণ বা তাদের প্রতিনিধিগণ (যদি কেউ উপস্থিত থাকেন) এর সম্মুখে ঐ একই দিন অর্থাৎ ২২/৯/২৫ ইং তারিখ দুপুর ১২:০০ ঘটিকায় দরপত্র বাক্স খোলা হবে।

৭। দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক কম/অপর্যাপ্ত প্রতীয়মান হলে, একটি তফসিলের আংশিক সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র দাখিল হলে এবং কম জামানত প্রদান করা হলে কিংবা ত্রুটিপূর্ণ দরপত্র দাখিল করা হলে দরপত্র সরাসরি বাতিল বলে গন্য হবে।

৮। তফসিল বর্ণিত সম্পত্তির উপর কোন সরকারী, আধা সরকারী বা সায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহ প্রতিষ্ঠান, ভূমি উন্নয়ন কর ইত্যাদি সহ অন্য যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তা পরিশোধের কোন দায়-দায়িত্ব ডিক্রীদার/ব্যাংক এর উপর বর্তাইবে না। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দর-দাতাকে বহন করতে হবে।

৯। উপরে বর্ণিত (৪) ও (৫) এর শর্তের অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হলে আদালত ইচ্ছা করিলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করতে পারবেন।

১০। কৃতকার্য দরদাতার অনুকুলে শর্তপূরণ সাপেক্ষে তফসিল বর্ণিত সম্পত্তির দখল আদালতের মাধ্যমে হস্তান্তর করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। নিলাম ক্রয়ে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য জানার জন্য ডিক্রীদার ব্যাংকে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করতে পারবেন।

১২। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার আদালত সংরক্ষণ করে।

**তফসিল-১**

জেলা- নারায়ণগঞ্জ, থান- আড়াইহাজার, মৌজা- রামচন্দ্রপুর, জে.এল নং- ৪০৯;

| খতিয়ান নং | দাগ নং | রকম | পরিমাণ |
|---|---|---|---|
| এস.এ-৫১১, আর.এস-৭৪৫ | এস.এ-৪০৮, আর.এস-৬৮৫ | প্রকল্প ভূমি | ০০.৫০ শতাংশ |
| এস.এ-৫৮৬, আর.এস-৬১৩ | এস.এ-৪১১, আর.এস- ৬৬৯ | প্রকল্প ভূমি | ০৫.৫০ শতাংশ |
| এস.এ-৫৮৬, আর.এস-৬১৩ | এস.এ-৪১১, আর.এস- ৬৬৮ | প্রকল্প ভূমি | ০১.০০ শতাংশ |
| | | | মোট = ০৭.০০ শতাংশ |

**তফসিল-২**

জেলা- নারায়ণগঞ্জ, থান- আড়াইহাজার, মৌজা- রামচন্দ্রপুর, জে.এল নং- ৪০৯:

| খতিয়ান নং | দাগ নং | রকম | পরিমাণ |
|---|---|---|---|
| এস.এ-১৮৭, আর.এস-৬০৪ | এস.এ-৪৭৪, আর.এস-৭৮৯ | নাল | ১৮.০০ শতাংশ |

আদেশ ক্রমে

সেরেস্তাদার

অর্থঋণ আদালত, নারায়ণগঞ্জ।